

## শিক্ষা কর্মকর্তাদের চরে রাত যাপনের নির্দেশ

সারিয়াকান্দি (বগড়া) সংবাদদাতা  
সারিয়াকান্দি উপজেলার যমুনার  
চরাঞ্চলে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার  
মান উন্নয়নের লক্ষ্যে জেলা শিক্ষা  
কর্মকর্তা উপজেলা শিক্ষা কর্মকর্তাকে  
চরে রাত যাপন করে বিদ্যালয়  
পরিদর্শনে নির্দেশ দিয়েছেন।  
শিক্ষকদের শ্রেণি পাঠদান কাজে  
নিয়মিত ও সময়মুহু্ত বিদ্যালয়ে  
আগমন ও গ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে  
চরাঞ্চলের চান্দুয়াবাড়ী, চন্দনবাইশা ও  
কামালপুর ক্লাস্টারের দায়িত্বে  
নিয়োজিত সহকারী শিক্ষা  
কর্মকর্তাদেরকে এই নির্দেশ দেয়া  
হয়েছে।

উক্ত ক্লাস্টারের অধীনে ৬০টি  
প্রাথমিক বিদ্যালয়ে ৩ সহস্রাধিক  
শিক্ষার্থী... অধ্যয়ন করছে।  
বিদ্যালয়গুলো যমুনার দুর্গম চরে  
অবস্থিত হওয়ায় শিক্ষকরা নিয়মিত  
বিদ্যালয়ে উপস্থিত হন না। তারা অর্ধ  
শিক্ষিত, স্বল্প শিক্ষিত ভাড়াটে শিক্ষক  
দিয়ে বিদ্যালয়ে পাঠদান পরিচালনা  
করায় চরাঞ্চলের শিক্ষার মান নিম্নমুখী  
হচ্ছে। এমতাবস্থায় চরাঞ্চলের  
অভিভাবকরা শিক্ষার মান উন্নয়নের  
জন্য এলাকার সংসদ সদস্যসহ  
সরকারের বিভিন্ন মহলে দাবি জানান।  
কাজলা ইউপি চেয়ারম্যান  
অধ্যক্ষ রফিকুল ইসলাম জানান,  
চরাঞ্চলের বিদ্যালয়ের ভাড়াটে শিক্ষক  
দিয়ে পাঠদান বন্ধ করতে পারলে  
শিক্ষার মান উন্নয়ন হবে।

নান্দিনার চর সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ের গ্যানেজিং কমিটির  
সভাপতি আনিছার রহমান খোকা  
জানান, উপজেলা শিক্ষা অফিসের  
উদ্যোগ কার্যকর করতে পারলে  
চরাঞ্চলের শিক্ষার মান বৃদ্ধি পাবে।

সারিয়াকান্দি উপজেলা শিক্ষা  
কর্মকর্তা কামরুল হাসান জানান,  
চরাঞ্চলের শিক্ষার মান উন্নয়নের আমি  
যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছি। এ  
ব্যাপারে তিনি এলাকাবাসীর  
সহযোগিতা কামনা করেন।